# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

'কৃষি ভবন'
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
অডিট বিভাগ
www.badc.gov.com

## গত ১১ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ব্রডশিট জবাব পর্যালোচনা সহায়ক কমিটির কার্যক্রমের উপর পর্যালোচনা সভার কার্যবিবরনী।

**সভার সভাপতিঃ** জনাব মোঃ নাসিরুজ্জামান, চেয়ারম্যান বিএডিসি, ঢাকা।
**সভার তারিখ ও সময়ঃ** ১১ সেপ্টেম্বর, ২০১৭ সকাল ১০:০০ ঘটিকা।
**সভার স্থানঃ** সংস্থার সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকাঃ সংলাগ -১ তে দেখানো হয়েছে।
সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা করার জন্য নিয়ন্ত্রক (অডিট)- কে অনুমতি প্রদান করেন।
নিয়ন্ত্রক (অডিট) কর্তৃক উপস্থাপিত নিম্নোক্ত বিষয়ের ওপর বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

### আলোচ্য বিষয়ঃ ১

জুলাই/২০০৯ হতে আগস্ট/২০১৭ পর্যন্ত উত্থাপিত অডিট আপত্তি এবং নিষ্পত্তির তথ্য উপস্থাপন প্রসংগ।

| ১.১ আলোচনা | ১.২ সিদ্ধান্ত |
|---|---|
| জুলাই-০৯ হতে আগস্ট-১৭ পর্যন্ত বাণিজ্যিক অডিট আপত্তি এবং নিষ্পত্তির তথ্য অর্থ বছর, উইং ও বিভাগ ওয়ারী পরিশিষ্ট ক, খ, গ- তে উপস্থাপন করা হলো।<br><br>আলোচনায় অংশ নিয়ে সহকারী প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), জনাব মোঃ জাহাঙ্গীর আলম সরকার ব্রডসীট জবাব সংগ্রহের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ/প্রকল্প প্রধানদের সার্বিক সহযোগিতার কথা বলেন এবং এ বিষয়ে সভা আলোকপাত করেন।<br><br>সভাপতি সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনিষ্পন্ন আপত্তি সমূহ নিষ্পত্তির লক্ষ্যে আপত্তি সমূহ পর্যালোচনা পূর্বক সংশ্লিষ্ট অফিসকে প্রয়োজনীয় পরামর্শ এবং দিক নির্দেশনা প্রদান এবং বিভাগীয় প্রধানকে এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা ও জবাব সংগ্রহের বিষয়ে উদ্যোগী হতে নির্দেশনা প্রদান করেন।<br><br>সভাপতি বিভাগ/প্রকল্প প্রধান কর্তৃক ব্রডসীট জবাব প্রাপ্তির পর জবাবগুলো পর্যালোচনার নিমিত্তে সংশ্লিষ্ট কমিটির নিকট প্রেরণের ও প্রয়োজনবোধে জবাবের সফটকপি কমিটির নিকট প্রেরণেরও নির্দেশনা প্রদান করেন।<br><br>এছাড়াও সভাপতি নিস্পত্তি সহায়ক ব্রডসীট জবাব প্রস্তুতের ক্ষেত্রে প্রয়োজনবোধে যুগ্ম-সচিব (নিরীক্ষা), কৃষি মন্ত্রণালয় মহোদয়ের পরামর্শ গ্রহেণরও নির্দেশ দেন। | (ক) সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনিষ্পন্ন আপত্তি সমূহ নিষ্পত্তির লক্ষ্যে আপত্তি সমূহ পর্যালোচনা পূর্বক সংশ্লিষ্ট অফিসকে প্রয়োজনীয় পরামর্শ এবং দিক নির্দেশনা প্রদান করতে হবে। বিভাগীয় প্রধানকে এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা ও জবাব সংগ্রহের বিষয়ে উদ্যোগী হতে হবে।<br><br>(খ) বিভাগ/প্রকল্প প্রধান কর্তৃক ব্রডসীট জবাব প্রাপ্তির পর জবাবগুলো পর্যালোচনার নিমিত্তে সংশ্লিষ্ট কমিটির নিকট প্রেরণ করতে হবে প্রয়োজনবোধে জবাবের সফটকপি কমিটির নিকট প্রেরণের ব্যবস্থা নিতে হবে।<br><br>(গ) নিস্পত্তি সহায়ক ব্রডসীট জবাব প্রস্তুতের ক্ষেত্রে প্রয়োজনবোধে যুগ্ম-সচিব (নিরীক্ষা), কৃষি মন্ত্রণালয় মহোদয়ের পরামর্শ গ্রহন করবেন। |

## পরিশিষ্ট-ক

অর্থ বছর ওয়ারী উত্থাপিত বাণিজ্যিক অডিট আপত্তি ও নিষ্পত্তির তথ্য

| অর্থ বছর | সর্বমোট আপত্তির তথ্য | | | | বছরে সর্বমোট নিষ্পত্তি | নিষ্পত্তির তথ্য | | | | অনিষ্পন্ন আপত্তির তথ্য | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | সাধারন অনুচ্ছেদ নম্বর | অগ্রিম অনুচ্ছেদ নম্বর | সংকলন অনুচ্ছেদ নম্বর | মোট | | সাধারন অনুচ্ছেদ নম্বর | অগ্রিম অনুচ্ছেদ নম্বর | সংকলন অনুচ্ছেদ নম্বর | মোট | সাধারন অনুচ্ছেদ নম্বর | অগ্রিম অনুচ্ছেদ নম্বর | সংকলন অনুচ্ছেদ নম্বর | মোট |
| ২০০৯-১০ | ৬৩৮ | ২১৯ | ১ | ৮৫৮ | ১১১৩ | ২৭৭ | ৯১ | ০ | ৩৬৮ | ৩৬১ | ১২৮ | ১ | ৪৯০ |
| ২০১০-১১ | ৫২৮ | ১৮৪ | ৪ | ৭১৬ | ১২৭৩ | ২৮৮ | ৯৩ | ১ | ৩৮২ | ২৪০ | ৯১ | ৩ | ৩৩৪ |
| ২০১১-১২ | ৭১২ | ১৩৬ | ৭ | ৮৫৫ | ১৩০০ | ৩১৫ | ৪৫ | ০ | ৩৬০ | ৩৯৭ | ৯১ | ৭ | ৪৯৫ |
| ২০১২-১৩ | ২৬৪ | ১৪৪ | ১ | ৪০৯ | ১৫৮৭ | ১৪১ | ৩৩ | ০ | ১৭৪ | ১২৩ | ১১১ | ১ | ২৩৫ |
| ২০১৩-১৪ | ৪৯৭ | ৩৫০ | ০ | ৮৪৭ | ১৬২৫ | ২৪৬ | ৪৭ | ০ | ২৯৩ | ২৫১ | ৩০৩ | ০ | ৫৫৪ |
| ২০১৪-১৫ | ৩৯৪ | ২৬৯ | ০ | ৬৬৩ | ১৪২২ | ১৪৭ | ৫৯ | ০ | ২০৬ | ২৪৭ | ২১০ | ০ | ৪৫৭ |
| ২০১৫-১৬ | ৫১৪ | ৩১১ | ০ | ৮২৫ | ১১৭৬ | ৯৪ | ৩৮ | ০ | ১৩২ | ৪২০ | ২৭৩ | ০ | ৬৯৩ |
| ২০১৬-১৭ | ৩৮১ | ৬৭ | ০ | ৪৪৮ | ৮১৯ | ১১ | ০ | ০ | ১১ | ৩৭০ | ৬৭ | ০ | ৪৩৭ |
| ০১/০৭/১৭ হতে ৩০/০৮/১৭ | ৩৯ | ৬ | ০ | ৪৫ | ১৫৮ | ০ | ০ | ০ | ০ | ৩৯ | ৬ | ০ | ৪৫ |
| **সর্বমোট-** | ৩,৯৬৭ | ১,৬৮৬ | ১৩ | ৫,৬৬৬ | ১০,৪৭৩ | ১,৫১৯ | ৪০৬ | ১ | ১,৯২৬ | ২,৪৪৮ | ১,২৮০ | ১২ | ৩,৭৪০ |

## পরিশিষ্ট-খ

উইংওয়ারী উত্থাপিত অনিষ্পন্ন বাণিজ্যিক অডিট আপত্তির তথ্য

| অর্থ বছর | বীজ ও উদ্যান | ক্ষুদ্রসেচ | সার | অর্থ | প্রশাসন | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| ২০০৯-১০ | ২২৭ | ২০২ | ২৭ | ২০ | ১৪ | ৪৯০ |
| ২০১০-১১ | ১৯৭ | ১০০ | ২৩ | ৯ | ৫ | ৩৩৪ |
| ২০১১-১২ | ২১২ | ২৪৮ | ২৬ | ২ | ৭ | ৪৯৫ |
| ২০১২-১৩ | ১৫১ | ৬৩ | ১১ | ৮ | ২ | ২৩৫ |
| ২০১৩-১৪ | ২৬৬ | ২২৯ | ৪৫ | ১২ | ২ | ৫৫৪ |
| ২০১৪-১৫ | ২২০ | ১৪৫ | ৭১ | ১৪ | ৭ | ৪৫৭ |
| ২০১৫-১৬ | ২৯৩ | ৩০৭ | ৫২ | ৩২ | ৯ | ৬৯৩ |
| ২০১৬-১৭ | ২৯১ | ১১৮ | ১৪ | ৫ | ৯ | ৪৩৭ |
| ০১/০৭/২০১৭ হতে ৩০/০৮/২০১৭ | ৯ | ৩৬ | ০ | ০ | ০ | ৪৫ |
| **সর্বমোট-** | **১,৮৬৬** | **১,৪৪৮** | **২৬৯** | **১০২** | **৫৫** | **৩,৭৪০** |

## পরিশিষ্ট-গ

বিভাগওয়ারী উত্থাপিত বাণিজ্যিক অডিট আপত্তির অনিষ্পন্ন তথ্য

| ক্রঃ নং | বিভাগ ও উইং-এর নাম | মোট উত্থাপিত আপত্তির সংখ্যা | সর্বমোট নিষ্পন্ন আপত্তির সংখ্যা | অনিষ্পন্ন আপত্তির তথ্য | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | সাধারন অনুচ্ছেদ নম্বর | অগ্রিম অনুচ্ছেদ নম্বর | খসড়া/ সংকলন অনুচ্ছেদ নম্বর | মোট |
| ১ | ধান, গম ও ভূট্টার উন্নততর বীজ উৎপাদন ও উন্নয়ন প্রকল্প বিভাগ | ৩০৩ | ১৩৩ | ১২৫ | ৪৪ | ১ | ১৭০ |
| ২ | বীজ বিতরণ বিভাগ | ৩০১ | ৯৫ | ১২১ | ৮৫ | ০ | ২০৬ |
| ৩ | পাট বীজ বিভাগ | ১৬৯ | ৭৮ | ৬৩ | ২৮ | ০ | ৯১ |
| ৪ | খামার বিভাগ | ৭০৩ | ২২৯ | ৩১৯ | ১৫৪ | ১ | ৪৭৪ |
| ৫ | বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ বিভাগ | ৪০৩ | ১৯৪ | ১১৫ | ৯৪ | ০ | ২০৯ |
| ৬ | এ এস সি বিভাগ | ১৮৭ | ৫৭ | ১০৭ | ২৩ | ০ | ১৩০ |
| ৭ | ডাল ও তৈল বীজ প্রকল্প | ২০৩ | ১০৬ | ৬৮ | ২৯ | ০ | ৯৭ |
| ৮ | আলুবীজ বিভাগ | ৩৫৯ | ১৬৮ | ১২৭ | ৬৪ | ০ | ১৯১ |
| ৯ | জাতীয় সব্জী বীজ বিভাগ | ৮৮ | ৪৮ | ৩০ | ১০ | ০ | ৪০ |
| ১০ | কং গোং বিভাগ | ১৮৬ | ৯৩ | ৭১ | ২২ | ০ | ৯৩ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১১ | উদ্যান উন্নয়ন বিভাগ | ২২১ | ১০৩ | ৭৮ | ৩৯ | ১ | ১১৮ |
| ১২ | বীজের আপদকালীন বিভাগ | ৭৪ | ৫০ | ১৮ | ৬ | ০ | ২৪ |
| ১৩ | মহাব্যবস্থাপক (বীজ) | ৪ | ০ | ৪ | ০ | ০ | ৪ |
| ১৪ | বেপ্রবীউপ্র | ১০ | ৬ | ২ | ২ | ০ | ৪ |
| ১৫ | বীজের গুনগত মান সম্পনণ আপদ কালীন মজুদ প্রকল্প | ১৫ | ৭ | ৬ | ২ | ০ | ৮ |
| ১৬ | প্রকল্প পরিচালক, বিএডিসি বিদ্যমান উৎপাদন ও বিতরণ ব্যবস্থাদি আধুনিকরণ এবং উন্নয়ন প্রকল্প, ঢাকা। | ৭ | ০ | ৭ | ০ | ০ | ৭ |
| **ক)** | **উইং(বীজ ও উদ্যান)** | **৩২৩৩** | **১৩৬৭** | **১২৬১** | **৬০২** | **৩** | **১৮৬৬** |
| ১ | ক্ষুদ্রসেচ বিভাগ | ১২৬১ | ২৬৪ | ৬৪০ | ৩৫৪ | ৩ | ৯৯৭ |
| ২ | সওকা বিভাগ | ৩৯৮ | ৯৩ | ২০১ | ১০৪ | ০ | ৩০৫ |
| ৩ | নির্মাণ বিভাগ | ২১১ | ৬৫ | ৯৭ | ৪৯ | ০ | ১৪৬ |
| **খ)** | **উইং(ক্ষুদ্রসেচ)** | **১৮৭০** | **৪২২** | **৯৩৮** | **৫০৭** | **৩** | **১৪৪৮** |
| **গ)** | **উইং(সার)** | **৩২১** | **৫২** | **১৫০** | **১১৭** | **২** | **২৬৯** |
| **ঘ)** | **উইং(অর্থ)** | **১৬৮** | **৬৬** | **৬৫** | **৩৬** | **১** | **১০২** |
| ১ | ক্রয় বিভাগ | ২৮ | ৭ | ৭ | ১১ | ৩ | ২১ |
| ২ | সাধারন পরিচর্যা বিভাগ | ১৭ | ৬ | ৮ | ৩ | ০ | ১১ |
| ৩ | নিয়োগ ও কল্যাণ বিভাগ | ৫ | ০ | ৩ | ২ | ০ | ৫ |
| ৪ | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ | ৩ | ২ | ১ | ০ | ০ | ১ |
| ৫ | সমন্বয় বিভাগ | ২ | ১ | ১ | ০ | ০ | ১ |
| ৬ | মনিটরিং বিভাগ | ২ | ০ | ২ | ০ | ০ | ২ |
| ৭ | অধ্যক্ষ, বিএডিসি ট্রেনিং ইনষ্টিটিউট, টাংগাইল। | ১৭ | ৩ | ১২ | ২ | ০ | ১৪ |
| **ঙ)** | **উইং(প্রশাসন) সর্বমোট** | **৭৪** | **১৯** | **৩৪** | **১৮** | **৩** | **৫৫** |
| | **সর্বমোট-** | **৫,৬৬৬** | **১,৯২৬** | **২,৪৪৮** | **১,২৮০** | **১২** | **৩,৭৪০** |

## আলোচ্য বিষয়ঃ ২

## কৃষি মন্ত্রণালয়ের সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে কমিটি গঠন প্রসংগ

### ২.১: আলোচনা

গত ২৮/০৩/২০১৭ তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত দপ্তর সংস্থার সমন্বয় সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়- "ব্রডসিট জবাবের মাধ্যমে যে সকল অডিট আপত্তি নিষ্পত্তি করা সম্ভব তা দ্রুত সম্পন্ন করতে হবে। অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ব্রডসীট জবাব প্রস্তুতের জন্য দপ্তর/সংস্থার দক্ষ ও অভিজ্ঞ কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠন করে দিতে হবে।" উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে সংস্থার অনিষ্পন্ন বাণিজ্যিক অডিট আপত্তি ব্রডসীট জবাবের মাধ্যমে নিষ্পত্তির লক্ষ্যে ব্রডসীট জবাব প্রস্তুতের নিমিত্তে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে বর্ণিত কমিটি গঠন করা হয়। অনিষ্পন্ন বাণিজ্যিক অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে কমিটি প্রয়োজনবোধে যে কোন কর্মকর্তা/কর্মচারী কে অন্তর্ভুক্ত করতে পারবেন।

| ক্র. নং | উইং | নাম ও পদবী |
|---|---|---|
| ০১ | অর্থ ও প্রশাসন | (ক) জনাব শহিদুল্লাহ আহমেদ, যুগ্ম নিয়ন্ত্রক (অডিট)<br>(খ) জনাব রফিকুল ইসলাম, উপ সচিব (সওব্য) |
| ০২ | ক্ষুদ্রসেচ | (ক) জনাব মোঃ জাহাঙ্গীর আলম সরকার, সহকারী প্রধান প্রকৌশলী(ক্ষুদ্রসেচ)<br>(খ) জনাব দেবজ্যোতি পুরকায়স্থ, উপ নিয়ন্ত্রক (অডিট) |
| ০৩ | সার ব্যবস্থাপনা | (ক) জনাব মোঃ ইয়াছিন আলী, ব্যবস্থাপক (সংরক্ষণ)<br>(খ) জনাব এখলাছ উদ্দিন আহমেদ, সহকারী নিয়ন্ত্রক (অডিট) |
| ০৪ | বীজ ও উদ্যান | (ক) জনাব মোঃ জামিলুর রহমান, ব্যবস্থাপক (কঃগ্রোঃ)<br>(খ) জনাব প্রিয়লাল চাকমা, সহকারী নিয়ন্ত্রক (অডিট) |

**কমিটির কার্যপরিধিঃ**

(ক) অনিষ্পন্ন বাণিজ্যিক অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে বস্তুনিষ্ঠ ব্রডসীট জবাব নির্ধারিত ছকে প্রস্তুতপূর্বক পাঠযোগ্য ও নিষ্পত্তি সহায়ক প্রমাণক সংযুক্ত করে অডিট বিভাগে প্রেরণ নিশ্চিতকরণ।

(খ) আপত্তির বিষয়বস্তু অনুসরণপূর্বক ধারাবাহিকভাবে বিশ্লেষণমূলক জবাব প্রস্তুতকরণ।

(গ) কমিটি প্রতিমাসের শেষ সপ্তাহে প্রস্তুতকৃত জবাবের উপর প্রণীত একটি স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন অডিট বিভাগে দাখিল করবেন।

### ২.২: সিদ্ধান্ত

অনিষ্পন্ন বাণিজ্যিক অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে গঠিত কমিটি প্রয়োজনবোধে নিষ্পত্তি সহায়ক ব্রডসীট জবাব প্রস্তুতের স্বার্থে সংস্থার বিভিন্ন উইং ও বিভাগের যে কোন কর্মকর্তা/কর্মচারীকে কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবেন।

| | |
|---|---|
| ০৩/০৭/২০১৭ তারিখে নিয়ন্ত্রক (অডিট) মহোদয়ের কক্ষে ৪টি কমিটির সদস্যদের নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় যে সকল আপত্তির জবাব পাওয়া যায়নি তার জবাব প্রেরণের উদ্যোগ গ্রহণ, যে সকল আপত্তি ব্রডসীট জবাবের মাধ্যমে নিষ্পত্তি করা যাচ্ছেনা তার কার্যপত্র প্রদান ও কমিটি কর্তৃক আপত্তিগুলোর জবাব যাচাই-বাছাইপূর্বক বিভাগীয় প্রধানের মাধ্যমে অডিট বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।<br><br>সভাপতি অনিষ্পন্ন বাণিজ্যিক অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক নিষ্পত্তি সহায়ক ব্রডসীট জবাব প্রস্তুতের স্বার্থে সংস্থার বিভিন্ন উইং ও বিভাগের যে কোন কর্মকর্তা/কর্মচারীকে কমিটিতে অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করেন। | |

আলোচ্য বিষয়ঃ ৩

## ৪(চারটি) কমিটির কার্যক্রম

| ৩.১: আলোচনা | ৩.২: সিদ্ধান্ত |
|---|---|
| অডিট আপত্তি বস্তুনিষ্ঠ জবাব প্রস্তুতকরণের লক্ষ্যে অডিট বিভাগের স্মারক নং-১২৭৮ ; তারিখঃ১১/০৫/২০১৭ মূলে গঠিত ৪(চার)টি কমিটি'র কার্যক্রমঃ<br>১। বাণিজ্যিক অডিট আপত্তির অনিষ্পন্ন উইং/ বিভাগ ওয়ারি হালনাগাদ তালিকা সংগ্রহ।<br>২। প্রতিটি কমিটি বিভাগীয় প্রধানদের সাথে সংশ্লিষ্ট বিভাগের অডিট আপত্তি নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>(ক) প্রশাসন ও অর্থ উইং এর আওতাধীন ক্রয় ও সাধারন পরিচর্যা বিভাগের অডিট আপত্তি নিয়ে সভা করা হয়েছে।<br>(খ) বীজ ও উদ্যান উইং এর আলুবীজ বিভাগে সভা অনুষ্ঠিত হয়েছে ও বীজ বিভাগের সভা আগামী সপ্তাহে অনুষ্ঠিত হবে।<br><br>(গ) সার ব্যবস্থাপনা উইং-এর আওতাধীন আপত্তির তালিকা সম্পন্ন করা হয়েছে। সে অনুযায়ী সার ব্যবস্থাপনা বিভাগের পরিবহন, বিক্রয় ও সংরক্ষণ শাখা প্রধানের সাথে বিস্তারিত আলোচনা হয়েছে। এছাড়াও মাঠ পর্যায়ের দপ্তরসমূহের আপত্তি নিয়েও আলোচনা হয়েছে।<br>(ঘ) ক্ষুদ্রসেচ উইং-এর আওতাধীন বিভাগসমূহের আপত্তি নিয়ে বিভাগীয় প্রধানদের সাথে আলোচনা হয়েছে। উপ নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), ক্ষুদ্রসেচ বিভাগকে কো-অপট করা হয়েছে।<br><br>আলোচনায় অংশ নিয়ে মহা-ব্যবস্থাপক (বীজ) বলেন যে, সংস্থার বিভিন্ন উইং এর কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে আয়োজিত বিভিন্ন সভা-সেমিনার এবং প্রশিক্ষণে বাণিজ্যিক অডিট আপত্তির জবাব লিখন ও নিষ্পত্তি সহায়ক প্রমানকের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপনের বিষয়ে সভাকে অবহিত করেন।<br><br>সভাপতি সংস্থার বিভিন্ন উইং/বিভাগ এর কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে আয়োজিত বিভিন্ন সভা-সেমিনার এবং প্রশিক্ষণে সংশ্লিষ্ট অংশগ্রহনকারী বিভাগ গুলোর চাহিদার প্রেক্ষিতে বাণিজ্যিক অডিট আপত্তির জবাব লিখন ও নিষ্পত্তি সহায়ক প্রমানকের উপর অডিট বিভাগ কর্তৃক "পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন" উপস্থাপন করার জন্য নির্দেশনা প্রদান করেন।<br><br>এছাড়াও সভাপতি পরবর্তী সভায় বিভাগ ওয়ারী আপত্তিগুলোর বিষয়ে মন্তব্যসহ বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত ব্রডসীট জবাবের তালিকা উপস্থাপন করার জন্য নির্দেশনা দেন। | ক) সংস্থার বিভিন্ন উইং/বিভাগ এর কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে আয়োজিত বিভিন্ন সভা-সেমিনার এবং প্রশিক্ষণে সংশ্লিষ্ট অংশগ্রহনকারী বিভাগ গুলোর চাহিদার প্রেক্ষিতে বাণিজ্যিক অডিট আপত্তির জবাব লিখন ও নিষ্পত্তি সহায়ক প্রমানকের উপর অডিট বিভাগ কর্তৃক "পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন" উপস্থাপন করতে হবে।<br><br>খ) পরবর্তী সভায় বিভাগ ওয়ারী আপত্তিগুলোর বিষয়ে মন্তব্যসহ বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত ব্রডসীট জবাবের তালিকা উপস্থাপন করতে হবে। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নাসিরুজ্জামান)
চেয়ারম্যান
বিএডিসি, ঢাকা
ফোনঃ ০২-৯৫৬৪৩২৮

স্মারক নং- ১২.২৩৩.০০৬.০৪.০১.৪৭৩.২০০৭ - ৯৮২২ তারিখঃ ২৩/৯/১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। যুগ্ম সচিব, নিরীক্ষা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। মহাব্যবস্থাপক (অর্থ/ক্রয়/তদন্ত/সার ব্যবস্থাপনা/বীজ/উদ্যান উন্নয়ন/এ,এস,সি/পাটবীজ) বিএডিসি, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/ সংরক্ষণ ও কারখানা/ নির্মাণ) বিএডিসি, ঢাকা।
৪। হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, ঢাকা।
৫। অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীপ্রস/বীবি/কঃগ্রোঃ/সিডিপি ক্রপস/খামার) বিএডিসি, ঢাকা।
৬। প্রধান (পরিকল্পনা/মনিটরিং/মিশু) বিএডিসি, ঢাকা।
৭। যুগ্ম-সচিব (সংগঠন ও ব্যবস্থাপনা/নিয়োগ ও কল্যাণ/সংস্থাপন/সাধারণ পরিচর্যা) বিএডিসি, ঢাকা।
৮। জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৯। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক (বীআমক/বেপবীউপ্র/ডাল ও তৈলবীজ/জাতীয় সবজী বীজ/বীউ প্রকল্প) বিএডিসি, ঢাকা।
১১। উপ-সচিব (সমন্বয়/আইন) বিএডিসি, ঢাকা।
১২। আই সি টি সেল প্রধানঃ ওয়েবসাইটে প্রকাশের জন্য ।
১৩। সদস্য-পরিচালক (সার ব্যবস্থাপনা/অর্থ/ক্ষুদ্রসেচ/বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
১৪। সচিব, বিএডিসি, ঢাকা মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
১৫। অফিস কপি।

২৩/৯/১৭

(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
নিয়ন্ত্রক (অডিট)
বিএডিসি, ঢাকা।
ফোন:- ৯৫৫২৫৫২